

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ, কিশোরগঞ্জ।
Email: nislammc@ac.dohs.gov.bd.

স্মারকনং- ৫৯.১৪.০১৪৪.০০১.১৮.০১.২৫.১১৭২৮

তারিখঃ-২৯/১২/২০২৫ইং

সংশোধিত এমবিবিএস কোর্সে ভর্তির নোটিশ

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা মহোদয়ের স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৫.১৩৩৪ তারিখঃ ২৮/১২/২০২৫ইং মোতাবেক ২০২৫-২০২৬ইং শিক্ষাবর্ষে ১ম বর্ষ এম.বি.বি.এস কোর্সে শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ, কিশোরগঞ্জ-এ ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ, কিশোরগঞ্জ এ ভর্তি কার্যক্রম আগামী ১১/০১/২০২৬ইং তারিখ হতে ১৩/০১/২০২৬ ইং তারিখ পর্যন্ত সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। উল্লিখিত তারিখ ও সময়ে সকল ছাত্র-ছাত্রীদেরকে ভর্তির প্রয়োজনীয় কাগজপত্রাদি সহ স্ব-শরীরে উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য বলা হলো।

ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা জন্য যে সকল কাগজপত্রাদি প্রয়োজন নিম্নে উল্লেখ করা হলো।

- ০১। Online Download কৃত এমবিবিএস ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
- ০২। এইচএসসি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড।
- ০৩। এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নথরপত্র।
- ০৪। এসএসসি বা সমমান পরীক্ষা পাসের মূল সনদপত্র।
- ০৫। এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের মূল সনদপত্র/প্রশংসা পত্র। (যে সকল ছাত্র-ছাত্রী এইচএসসি ২০২৫ইং সনে উত্তীর্ণ হয়েছে প্রশংসা পত্রসমূহ তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে)।
- ০৬। স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিক সনদপত্র।
- ০৭। ৪ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রসিদ ছবি
- ০৮। পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র। অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গৌত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র (কোটার জন্য প্রযোজ্য)

বিঃ দ্রঃ মেধাক্রমের পাশে উল্লিখিত তারিখে স্ব-শরীরে উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য বলা হলো। উল্লেখ্য যে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মেডিকেল কলেজে অধ্যয়নরত যে সকল শিক্ষার্থী ২০২৫-২০২৬ শিক্ষা বর্ষের জন্য নির্বাচিত হয়েছে তার অধ্যয়নরত মেডিকেল কলেজ এর অধ্যক্ষ মহোদয়ের অনুমতি পত্র সাথে আনতে হবে।

তারিখ	মেধাক্রম	ছাত্র-ছাত্রীর সংখ্যা
১১/০১/২০২৬	১৯৩৯ হতে ৩৯২৭ পর্যন্ত	৩৩ (তেত্রিশ জন) জন
১২/০১/২০২৬	৩৯৩৮ হতে ৪১৫৬ পর্যন্ত	৩৩ (তেত্রিশ জন) জন
১৩/০১/২০২৬	৪১২৭ হতে ৪৩৫২ পর্যন্ত	৩৩ (তেত্রিশ জন) জন

১৯.১২.২৫

অধ্যক্ষ

শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ
কিশোরগঞ্জ।

২৯.১২.২০২৫

স্মারকনং- ৫৯.১৪.০১৪৪.০০১.১৮.০১.২৫.

তারিখঃ-২৯/১২/২০২৫ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সচিব, স্বাস্থ্য শিক্ষা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
- ০২। মহা-পরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক সমন্বয়)।
- ০৩। পরিচালক (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৪। অফিস নথি।

অধ্যক্ষ

শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ
কিশোরগঞ্জ।